

Visit of Minister of State for External Affairs to Georgia and Kazakhstan (October 10-13, 2022)

October 07, 2022

বিদেশ প্রতিমন্ত্রীর জর্জিয়া ও কাজাখস্তান সফর (অক্টোবর 10-13, 2022)

অক্টোবর 07, 2022

বিদেশ প্রতিমন্ত্রী (এমওএস) শ্রীমতী মীনাক্ষী লেখি 10-11 অক্টোবর 2022-এ জর্জিয়াতে এবং 12-13 অক্টোবর 2022-এ কাজাখস্তান প্রজাতন্ত্রে একটি সরকারি সফরে যাবেন।

2. জর্জিয়াতে প্রতিমন্ত্রীর এটি প্রথম সফর। গত বছর বিদেশমন্ত্রীর ঐতিহাসিক জর্জিয়া সফরের পরে জর্জিয়ার সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক তীব্র হয়েছে। সফরকালে প্রতিমন্ত্রী দ্বিপাক্ষিক সহযোগিতার বিভিন্ন দিকগুলির পর্যালোচনা করার জন্য জর্জিয়ার বিদেশমন্ত্রীর পাশাপাশি অন্যান্য বিশিষ্ট বর্গের সাথেও বৈঠক করবেন। তিনি জর্জিয়াতে ভারতীয় শিক্ষার্থী, যারা এই দুই দেশের মধ্যে গুরুত্বপূর্ণ যোগসূত্র, তাদের সাথেও আলাপ আলোচনা করবেন।

3. প্রতিমন্ত্রী, কাজাখস্তানের আস্তানাতে কনফারেন্স ইন্টারঅ্যাকশন অ্যান্ড কনফিডেন্স বিল্ডিং মেজার ইন এশিয়া (সিআইসিএ)-র ষষ্ঠ শীর্ষ বৈঠকে ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্বও দেবেন। সিআইসিএ-র একটি প্রতিষ্ঠাতা সদস্য দেশ হিসেবে ভারত সিআইসিএ-র বিভিন্ন ক্রিয়াকর্মের আয়োজন এবং অংশগ্রহণ সহ সিআইসিএ-র উদ্যোগকে সমর্থন করে এসেছে।

4. সিআইসিএ-র শীর্ষসম্মেলনের ফাঁকে কাজাখস্তান সহ অন্যান্য অংশগ্রহণকারী দেশগুলির বরিষ্ঠ বিশিষ্ট ব্যক্তিবর্গ ও মন্ত্রীদের সাথে প্রতিমন্ত্রীর দ্বিপাক্ষিক বৈঠক রয়েছে।

5. সাংস্কৃতিক এবং ঐতিহাসিক সংযোগের বন্ধনের দ্বারা জর্জিয়া ও কাজাখস্তানের সাথে ভারতের একটি ঘনিষ্ঠ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। যখন ভারত এই উভয়দেশের সাথে কূটনৈতিক সম্পর্কের 30 তম বার্ষিকী উদযাপন করছে সেই উপযুক্ত সময়ে প্রতিমন্ত্রীর এই সফর এসে হাজির হয়েছে। সফরটি এই দেশগুলির সাথে ভারতের দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও গতি প্রদান করবে।

নিউ দিল্লি

অক্টোবর 07, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.